109

দৈনিক ইনকিলাব

তারিখ ... MAR. 25 1999 ...
পৃষ্ঠা ...৭... কলাম ...২...

# বরিশাল সিটি কলেজ অধ্যক্ষকে সাসপেন্ড ক্ষমতাসীন দলের জংলী মানসিকতার পরিচায়ক

প্রেস বিজ্ঞপ্তি ঃ বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভুঁইয়া রবিবার এক বিবৃতিতে বরিশাল সিটি কলেজের অন্যতম প্রতিষ্ঠাতা অধ্যাপক আবদুর রশিদ খানকে কলেজের অধ্যক্ষের পদ থেকে সাসপেন্ড করায় তীব্র প্রতিবাদ ও নিন্দা জানিয়েছেন। বিবৃতিতে তিনি বলেন, এই ঘটনা ও সরকারের রাজনৈতিক প্রতিহিংসার পরিচয় বহন করে। উক্ত বেসরকারী কলেজটিকেও দলীয়করণ করার হীন উদ্দেশ্য নিয়ে সরকার যে নির্লজ্জ ও হীন মানসিকতার পরিচয় দিয়েছে তার নিন্দা জানানোর ভাষা আমাদের নেই। রাষ্ট্রের সিভিল প্রশাসন, পুলিশসহ অন্যান্য ক্ষেত্রে চরম দলীয়করণ, আত্মীয়করণ করে নিজ দলীয় সমর্থক অযোগ্য ব্যক্তিকে বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বসিয়ে, যোগ্য লোককে যত্রতত্র বদলী ও অপসারণ অব্যাহতি প্রদান করে সরকার সারাদেশে অচলাবস্থার সৃষ্টি করেছে। এখন তারা আবার বেসরকারী প্রতিষ্ঠানেও বিশেষ করে শিক্ষা প্রতিষ্ঠানে দলীয়করণ শুরু করেছে। তিনি বলেন, জনাব আবদুর রশিদ খান বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সাংগঠনিক সম্পাদক হওয়ার কারণে তার বিরুদ্ধে ষড়যন্ত্র চক্রান্ত করে মিথ্যা অভিযোগে তাকে বরিশাল সিটি কলেজের অধ্যক্ষের পদ থেকে অন্যায়ভাবে সাসপেন্ড করা হয়েছে। তিনি উক্ত কলেজের প্রতিষ্ঠাতা। দীর্ঘদিন তিনি তার শ্রম, মেধা দিয়ে উক্ত কলেজকে গড়ে তুলেছেন। বিএনপি দলীয় রাজনীতিতে জড়িত থাকলেও কলেজের ছাত্র শিক্ষকদের সাথে এবং কলেজ প্রশাসন পরিচালনায় নিরপেক্ষ কার্যক্রম পরিচালনায় তার ভূমিকা সকলের কাছে প্রশংসনীয় ছিল। তা সত্ত্বেও ক্ষমতাসীন দল তাকে উক্ত পদ থেকে সাসপেন্ড করে জংলী মানসিকতার পরিচয় দিয়েছে।

বিবৃতিতে তিনি অবিলম্বে অধ্যক্ষ আবদুর রশিদ খানের এই সাসপেন্ডের আদেশ প্রত্যাহার করার দাবী জানিয়ে বলেন, প্রতিহিংসার রাজনীতি ভাল নয়।